নতুন ফ্লিপকার্ট হেলথ+ অ্যাপ এর সঙ্গে ফ্লিপকার্ট, স্বাস্থ্য সেবা ক্ষেত্রে পা রেখেছে

- ২০,০০০ এর বেশি পিনকোড এলাকায় ভারতীয় গ্রাহকদের সাশ্রয়ী মূল্যে ওষুধ এবং স্বাস্থ্য সেবা পণ্যগুলির বিবিধ সম্ভার পৌঁছে দেওয়ার লক্ষ্যমাত্রার পাশাপাশি 'সুস্থ ভারত' –গড়ে তোলায় অবদান
- *দেশের দূরবর্তী স্থানে আসল ওষুধ এবং স্বাস্থ্যসেবা পণ্য পৌঁছে দেওয়ার মধ্যে যে গুরুত্বপূর্ণ ব্যবধান রয়েছে তা পূরণ করে স্বাস্থ্যসেবা বাস্তুতন্ত্রকে সহায়তা এবং শক্তিশালী করার লক্ষ্য রাখা হয়েছে যা স্বাস্থ্যসেবার চাহিদাগুলি পূরণ করতে পারে*

ব্যাঙ্গালুরু – ৬ এপ্রিল, ২০২২: দেশীয় কোম্পানী ফ্লিপকার্ট গ্রুপের ডিজিট্যাল হেলথকেয়ার মার্কেটপ্লেস প্ল্যাটফর্ম ফ্লিপকার্ট হেলথ+ , আজ ফ্লিপকার্ট হেলথ+ নামের একটি অ্যাপ বাজারে নিয়ে আসার কথা ঘোষণা করেছে। প্রযুক্তি-চালিত সেই প্ল্যাটফর্মটি সারা দেশের কোটি কোটি মানুষের কাছে আসল ওষুধ এবং স্বাস্থ্য সেবা পণ্যগুলি পৌঁছে দিতে সাহায্য করবে। ভারতের ২০,০০০ পিন কোডে গ্রাহকদের পরিষেবা দিতে, ফ্লিপকার্ট হেলথ+ সারা দেশের স্বাধীন ওষুধ বিক্রেতাদের কাছ থেকে সাশ্রয়ী মূল্যে উন্নতমানের ওষুধ এবং হেলথকেয়ার প্রোডাক্ট, তাঁদের ফ্লিপকার্ট হেলথ+ অ্যাপ এর মাধ্যমে সরবরাহ করবে।

ফ্লিপকার্ট গোষ্ঠির অত্যন্ত উন্নত প্রান্তিক সরবরাহ শৃঙ্খল ব্যবস্থা ও বিশেষজ্ঞ দক্ষতা থেকে দারুণ সহায়তা পাবে। পাশাপাশি তারা সারা দেশে Sastasundar.com এর বিরাট নেটওয়ার্ক ব্যবহারের সুবিধা পাবে। উন্নত মানের ওষুধের বিরাট সম্ভার ও নানা পরিষেবা সাশ্রয়ী মূল্যে গ্রাহকদের কাছে পৌঁছে দিয়ে কোম্পানি ভারতের স্বাস্থ্য বাস্তুতন্ত্রকে শক্তিশালী করার লক্ষ্য পূরণে কাজ করছে। সংস্থাটি দীর্ঘমেয়াদী সুস্থতা এবং সামাজিক উন্নয়নের ক্ষেত্রে স্বাস্থ্যসেবা বাস্তুতন্ত্রের সাথে অংশীদারিত্বের প্রয়াস চালিয়ে যাচ্ছে।

ফ্লিপকার্ট হেলথ+ অ্যাপ এর সূচনা উপলক্ষে তাঁর বক্তব্যে, মিঃ প্রশান্ত জাভেরি, চীফ এক্সিকিউটিভ অফিসার, ফ্লিপকার্ট হেলথ+ বলেন, "COVID-19 মহামারীর শুরু থেকেই , ভারতীয়রা নিজেদের সুস্থতা এবং প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর দিকে বিরাট ভাবে নজর দিচ্ছেন। ফলে সুস্থতা এবং স্বাস্থ্য ক্ষেত্র এখন আগের থেকেও বেশি কেন্দ্রবিন্দুতে উঠে এসেছে। ফ্লিপকার্ট হেলথ+ এর মাধ্যমে আমরা ভারতের গ্রাহকদের জন্য আসল ওষুধ এবং স্বাস্থ্য সেবা পণ্যগুলি সাশ্রয়ী মূল্যে পাওয়ার ক্ষেত্রে ফাঁকগুলি পূরণের লক্ষ্যমাত্রা ধার্য্য করেছি। এই উদ্যোগ বিশেষভাবে দেশের দূরবর্তী প্রান্তে বসবাসরত মানুষের জন্য সুবিধাজনক হবে যারা স্বাস্থ্যসেবা পাওয়ার ক্ষেত্রে এখনো পিছিয়ে রয়েছেন। আমরা প্রযুক্তিকে এমনভাবে ব্যবহার করতে চাইছি যাতে স্বাস্থ্যসেবা পরিকাঠামোকে শক্তিশালী করার সঙ্গে সঙ্গে সেইসব গ্রাহকদের আরো ভালো পরিষেবা দিতে পারবো যারা দেশের দূরবর্তী স্থানে বাস করছেন। এইভাবে আমরা নিশ্চিতভাবে সুস্থ ভারত নির্মানে অবদান রাখতে পারবো বলে মনে করছি"।

ফ্লিপকার্ট হেলথ + অ্যাপ্লিকেশনটি একটি ব্যবহারকারী-বান্ধব ইন্টারফেসের সাথে এমনভাবে ডিজাইন এবং উন্নত করা হয়েছে যা গ্রাহকদের প্রযুক্তিগত দক্ষতা নির্বিশেষে সহজেই তাঁদের কাছে পৌঁছে যাবে। শক্তিশালী প্রযুক্তি এবং লজিস্টিক পরিকাঠামোর হাত ধরে, ফ্লিপকার্ট হেলথ +, নিয়ন্ত্রক বিধিনিয়ম মেনে সারা দেশে সেই সব গ্রাহকদের কাছে ওষুধ পৌঁছে দেবে যারা এমনকি তীব্র এবং দীর্ঘস্থায়ী অসুস্থতার শিকার। এই পরিষেবা, ভারতের সেই সব প্রান্তিক স্থানেও স্বাস্থ্য সুবিধাকে পৌঁছে দেবে, যা ধারাবাহিকভাবে পরিষেবার বাইরেই থেকে গিয়েছে।

প্রারম্ভিক পদক্ষেপ হিসাবে, ফ্লিপকার্ট হেলথ+ প্ল্যাটফর্মে প্রায় ৫০০+ এমন স্বাধীন বিক্রেতা যুক্ত হবেন যাদের মেডিকেল প্রেসক্রিপশনের বৈধতা যাচাই এবং ওষুধের সঠিক বিতরণের জন্য নিবন্ধিত ফার্মাসিস্টদের একটি নেটওয়ার্ক রয়েছে। যদিও এটি একটি ইন্টারমিডিয়ারি মার্কেটপ্লেস প্ল্যাটফর্ম, তবু ফ্লিপকার্ট হেলথ+ নানা ধরণের গুণমান পরীক্ষা এবং যাচাইকরণ এর ব্যবস্থা গড়ে তুলেছে, যাতে করে স্বাধীন বিক্রেতাদের কাছ থেকে গ্রাহকের দোরগোড়ায় একেবারে আসল ওষুধ এবং স্বাস্থ্যসেবা পণ্য সহজেই পৌঁছে দেওয়া যায়। ফ্লিপকার্ট হেলথ+ আগামী কয়েক মাসের মধ্যে, থার্ড-পার্টি হেলথকেয়ার সার্ভিস প্রোভাইডার দের প্ল্যাটফর্মে যুক্ত করার পরিকল্পনা করছে যারা গ্রাহকদের টেলিকনসালটেশন এবং ই-ডায়াগনস্টিকের মতো অন্যান্য মূল্য-যুক্ত স্বাস্থ্যসেবা সরবরাহ করবেন।

রাজস্ব এবং কর্মসংস্থানের দিক থেকে হেলথকেয়ার বা স্বাস্থ্য সেবা ক্ষেত্র, ভারতের অর্থনীতিতে অন্যতম বৃহৎ স্থান জুড়ে রয়েছে। ভারতে ডিজিট্যাল ব্যবস্থার দ্রুত প্রচলন, সারা দেশের বিভিন্ন স্থানে নানা ধরণের ওষুধ ও স্বাস্থ্যসেবা পণ্যগুলিকে পৌঁছে দিতে দারুণ সুযোগ করে দিয়েছে।

অ্যান্ড্রয়েড প্লে স্টোরে প্রাথমিকভাবে উপলব্ধ হলেও, আগামী দিনে iOS প্ল্যাটফর্মেও ফ্লিপকার্ট হেলথ+ অ্যাপ মিলবে। লো ব্যান্ডউইথ-এ ব্যবহার উপযোগী হওয়ার কারণে, দেশের বিভিন্ন প্রান্তের গ্রাহকরাও এই অ্যাপ ব্যবহার করতে পারবেন।

About Flipkart Health+

Flipkart Health+ is the digital healthcare marketplace platform that is a part of the Flipkart Group - India’s homegrown consumer internet ecosystem. Flipkart Health+ aims to provide millions of customers across the country access to quality and affordable healthcare through genuine medicines and healthcare products delivered to them. Flipkart Group acquired a majority stake in SastaSundar.com marketplace platform in 2021 to synergise its in-depth expertise to enable customers with high-quality medicines and healthcare products and services in the health-tech ecosystem through Flipkart Health+. The platform would benefit from the experience and expertise of the Flipkart Group, which includes its pan-India reach and technology capabilities, along with SastaSundar.com’s in-depth expertise to provide customers with an array of genuine offerings in the health-tech ecosystem.

For more information, please contact media@flipkart.com

For media queries, please contact Ruder Finn –

Swati Chauhan chauhans@ruderfinnasia.com / 8505947705	Medha Banerjee banerjeem@RuderFinnAsia.com / 9874393817